

জাবির হল থেকে শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

অনলাইন রিপোর্টার


প্রকাশিত: ২১:৩৮, ৪ এপ্রিল ২০২৩



জাবির শিক্ষার্থী মীর মশাররফ হোসেন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

মঙ্গলবার (৪ এপ্রিল) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হল থেকে মরদেহটি উদ্ধার করা হয়। মরদেহ উদ্ধারের পর বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে নিয়ে যান তার সহপাঠীরা।



নিহত আরাফাত সিয়াম বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের ৪৫তম ব্যাচের শিক্ষার্থী। তিনি বিশ্ববিদ্যালয়ের মীর মশাররফ হোসেন হলের আবাসিক শিক্ষার্থী। তার গ্রামের বাড়ি নীলফামারীর ডোমার উপজেলায়। সিয়াম হলটির বি ব্লকের ১১৫ নম্বর কক্ষে থাকতেন বলে নিশ্চিত করেছেন তার সহপাঠীরা।

বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রের দায়িত্বরত চিকিৎসক বীরেন্দ্র কুমার বিশ্বাস বলেন, সন্ধ্যা ৭টা ১৫ মিনিটে ওই শিক্ষার্থীকে আমাদের এখানে আনা হয়। আমরা পরীক্ষা করে দেখি আগেই মারা গেছে। আমরা যখন মরদেহ পাই তখন দেখেছি রশি গলার মধ্যে গেঁথে আছে, ফাঁস লেগেই তার মৃত্যু হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানিয়েছি, উনারা বাকি সিদ্ধান্ত নেবেন।

নিহত সিয়ামের বন্ধু টগর বলেন, দুপুরের আগে সিয়ামের কক্ষের সামনে গিয়ে কয়েকবার ডাকাডাকি করেছি। এরপর বিকেলে আরও একবার ডাকাডাকি করেছি, কিন্তু কোনো সাড়া পাইনি।

পরে সন্ধ্যায় যখন আবার এসে ডাকাডাকি করি তখনও কোনো সাড়া না পেয়ে জানালার প্লাসের ওপরের কাগজ সরিয়ে ভেতরে সিয়ামকে ঝুলন্ত অবস্থায় দেখতে পাই। তখন দরজা ভেঙে তাকে উদ্ধার করে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে নিয়ে আসি।